গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ**
**খাগড়াছড়ি পার্বত্য জেলা।**
www.khdc.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়, সম্প্রসারণ-১ শাখার পত্র নং ১২.০০.০০০০.০৫২.১১.০৩৮.১৬-১১২০ তারিখ : ১৫ নভেম্বর, ২০২৩খ্রি., পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পরিষদ-১ শাখার পত্র নং ২৯.০০.০০০০.২১৪.১১.০০১.২১.৮৩ তারিখ : ৩০ নভেম্বর, ২০২৩খ্রি. এবং মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা অফিস স্মারক নং-১২.০১.০০০০.১১২.৯৯.০০১.২৩.১৫৪ তারিখ : ২১/১১/২০২৩ খ্রি. মূলে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি এর আওতাধীন নিম্নবর্ণিত বিদ্যমান শূণ্য পদ সমূহে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

| ক্র. নং | পদের মান ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | আবেদনকারীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | স্টোর কিপার (গ্রেড-১৪) | ০১ (এক) | ১০২০০-২৪৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন স্নাতক ডিগ্রি; |
| ২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০৪ (চার) | ৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যুন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে বাংলায় ২০(বিশ) শব্দ ও ইংরেজীতে ২০(বিশ) শব্দ; |
| ৩ | ক্যাশিয়ার (গ্রেড-১৬) | ০১ (এক) | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; |
| ৪ | ড্রাইভার (গ্রেড-১৬) | ০২ (দুই) | ৯৩০০-২২৪৯০/- | স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যুন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত হালকা বা ভারীযানবাহন চালনার বৈধ লাইসেন্সধারি; |
| ৫ | ট্রাক্টর/পাওয়ার টিলার ড্রাইভার (গ্রেড-১৬) | ০২ (দুই) | ৯৩০০-২২৪৯০/- | স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যুন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত হালকা বা ভারীযানবাহন চালনার বৈধ লাইসেন্স; |
| ৬ | স্প্রেয়ার মেকানিক (গ্রেড-১৮) | ০৬ (ছয়) | ৮৮০০-২১৩১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ন্নসহ কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকতে হবে; |
| ৭ | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০৪ (চার) | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

০১। আবেদনকারীকে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর বরাবর দরখাস্তের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকের আবেদন পত্র ও প্রয়োজনীয় বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ০৭/৫/২০২৪খ্রি. তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময় বিকাল ৪.০০ঘটিকার মধ্যে উপ-পরিচালকের কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

০২। আবেদনপত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে টাইপ করে তথ্যাবলী পূরণ পূর্বক দরখাস্ত করতে হবে। আবেদনপত্রের ছক ও প্রবেশ পত্রের নমুনা ছক পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি কার্যালয় এবং উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি এর অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে। তাছাড়া খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে (www.khdc.gov.bd) পাওয়া যাবে।

০৩। প্রার্থীর বয়স ২৮/০৩/২০২৪খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী, পরিচিতি নম্বরসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদ (সত্যায়িত)।
গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (সত্যায়িত)।
ঘ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ (সত্যায়িত)।
ঙ) জাতীয় পরিচয়পত্র(এনআইডি কার্ড/স্মার্ট এনআইডি কার্ড) (সত্যায়িত)।
চ) আবেদনপত্রের সাথে ১(এক) কপি এবং প্রবেশ পত্রের সাথে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আঠা/গাম দিয়ে লাগাতে হবে।
ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রকাশিত সমন্বিত তালিকাভূক্ত মুক্তিযোদ্ধা হিসেবে)। পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক সনদ (সত্যায়িত)।
জ) এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদ (সত্যায়িত)।
ঝ) আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ**
**খাগড়াছড়ি পার্বত্য জেলা।**
www.khdc.gov.bd



ঞ) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ হতে ৩নং প্রার্থীর ক্ষেত্রে ৪০০/=(চারশত) টাকা, ক্রমিক নং ৪ হতে ৭ ক্রমিকের প্রার্থীর ক্ষেত্রে ৩০০/= (তিনশত) টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নামীয় সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং ৫৪১২২০০০২৫২২৬ -এ জমা দিয়ে জমা স্লীপের মূলকপি সংযুক্ত করতে হবে।

০৫। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাতে হবে, আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভ্রান্ত বলে প্রতিয়মান হলে নিয়োগের যে কোন পর্যায়ে আবেদন পত্র/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে।

০৯। প্রবেশ পত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার এবং মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় ওয়েবসাইটে/নোটিশ বোর্ড ও স্থানীয় পত্রিকার মাধ্যমে জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থিত পদে নিয়োগ প্রদানে বাধ্য নহেন।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী বিধি-বিধান, নীতিমালা অনুসরণ করা হবে। উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যা পাওয়া না গেলে পুত্র/কন্যার পুত্র/কন্যা নিয়োগ করা হবে। একই সাথে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, চাকুরী প্রবিধান মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত সম্প্রদায়ভিত্তিক কোটা অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল এবং নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া কোন কোটা দাবী করা হলে (মুক্তিযোদ্ধা/এতিমখানা নিবাসী/আনসার-ভিডিপি/প্রতিবন্ধী) খামের ডান পার্শ্বে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৫। ক্রমিক নং <u>০২, ০৪, ০৫ এবং ০৬নং পদের প্রার্থীদেরকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে সংশ্লিষ্ট প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।</u>

২৮/০৩/২৪
(মংসুইপ্রু চৌধুরী)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

স্মারক নং ২৯.৩৬.০১৮.৩৩.৬৬.০০১.২২-৬৫৪ তারিখ : ২৮ মার্চ, ২০২৪খ্রি.

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-**

০১. জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি ও মাননীয় প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান।
০৪. সচিব, কৃষি মন্ত্রণালয়/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
০৬. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন।
০৭. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি। বিজ্ঞপ্তিটি জেলা কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. সম্পাদক/জেলা প্রতিনিধি..............................................................,ঢাকা/দৈনিক..............................................,চট্টগ্রাম/ দৈনিক..............................................................................., খাগড়াছড়ি- আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি পত্রিকায় একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণ করতে অনুরোধ হলো।
১২. আইটি অফিসার, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি-কে বিজ্ঞপ্তিটি (চাকরির আবেদন ফরম ও প্রবেশপত্র ফরম) এ পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. অফিস কপি/নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

২৮/০৩/২৪
**চেয়ারম্যান**
পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।